

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৭৪৮

পর্ব - ৬ঃ হাজ (হজ্জ/হজ) প্রসঙ্গ (১৯৮১)

পরিচ্ছেদঃ ৫. হাজের বিবরণ ও মক্কায় প্রবেশ - তাওয়াফের মধ্যে "রমল" করা শরীয়তসম্মত এবং এর স্থানসমূহ

আরবী

وَعَنْهُ قَالَ: أَمَرَهُمْ النَّبِيُّ \_ صلى الله عليه وسلم \_ أَنْ يَرْمُلُوا ثَلَاثَةَ أَشْوَاطٍ، وَيَمْشُوا أَرْبَعًا, مَا بَيْنَ الرُّكْنَيْنِ. مُتَّفَقٌ عَلَيْهِ

صحيح. رواه البخاري (1602)، ومسلم (1264) ضمن حديث ولفظ البخاري: أمرهم أن يرملوا الأشواط الثلاثة، وأن يمشوا بين الركنين. ولفظ مسلم: أمرهم أن يرملوا ثلاثا، ويمشوا أربعا

বাংলা

৭৪৮. ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে দু'টি রুকনের (ইয়ামানী ও হাজারে আসওয়াদ) মধ্যবর্তী স্থানে (তওয়াফ কালে) প্রথম তিন চক্রে রামল করতে ও পরের চারবার স্বাভাবিক চলতে নির্দেশ দিয়েছিলেন।[1]

## **English**

Ibn 'Abbas (RAA) narrated that the Messenger of Allah (ﷺ) commanded them to trot for three circuits and walk (with a normal pace) for four circuits, between the two corners (The Black Stone and the Yemeni corner). Agreed upon.

ফুটনোট



[1] বুখারী ১৬০২, ১৬৪৯, ৪২৫৬, ৪২৫৭, মুসলিম ২১৬৬, নাসায়ী ২৯৪৫, ২৯৭৯, আবূ দাউদ ১৮৮৬, আহমাদ ১৯২৪, ২০৩০, ২০৭৮।

বুখারীর বর্ণনায় রয়েছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীগণকে তাওয়াফের প্রথম তিন চক্করে রমল করতে (উভয় কাঁধ হেলে দুলে জোর কদমে চলতে) এবং উভয় রুকনের মধ্যবতী স্থানটুকু স্বাভাবিক গতিতে চলতে নির্দেশ দিলেন। মুসলিমের বর্ণনায় হয়েছে, তিনি তাদেরকে তিনবার রামল করতে এবং চারবার স্বাভাবিক গতিতে হাঁটার নির্দেশ দিলেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন